দৈনিক খবর

তারিখ 23 APR 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# ইংরেজী প্রথম পত্র পরীক্ষার দিন সংঘর্ষ প্রহার ঃ ৮ শতাধিক বহিষ্কার

।।স্টাফরিপোর্টার।।

গতকাল বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার ইংরেজী ১ম পত্রের দিন জনতা-পুলিশ সংঘর্ষ, ম্যাজিস্ট্রেট প্রহার, প্রায় ৮শ' পরীক্ষার্থী ও বেশ কয়েকজন শিক্ষকের বহিষ্কারের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়।

বোর্ড সূত্রে জানা গেছে, ঢাকা বোর্ডে গতকাল বৃহস্পতিবার ইংরেজী ১ম পত্রে ২৫৭ জন পরীক্ষার্থী ও ১ জন শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে। গোপালগঞ্জের কাশিয়ানী থানার রামদিয়া পরীক্ষা কেন্দ্রে ৩ জন পরীক্ষার্থী ম্যাজিস্ট্রেট কর্তৃক বহিষ্কৃত হলে স্থানীয় জনগণ ম্যাজিস্ট্রেটকে লাঞ্ছিত করে। এ সময় জনতা ও পুলিশের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় জনতার সঙ্গে পুলিশের 'ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। আজ ঢাকা বোর্ডের একটি তদন্ত টীম ঘটনাস্থলে যাবে। যে সমস্ত জেলায় পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে সে সমস্ত জেলাসমূহ হচ্ছে ঢাকার কেরানীগঞ্জ ৩, সাভারে ২, নারায়ণগঞ্জে ৪, নরসিংদীতে ১৬, মুন্সীগঞ্জে ৯, মানিকগঞ্জে ১৭, সৈয়দপুরে ২০, মাদারীপুরে ১২, শরিয়তপুরে ১২, রাজবাড়ীতে ৪, নেত্রকোনায় ৩১, জামালপুরে ১৯, শেরপুরে ৯ ও ময়মনসিংহে ৩৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

কুমিল্লা থেকে জেলা প্রতিনিধি রেজাউল করিম শামিম জানান ঃ কুমিল্লা বোর্ডের অধীনে গতকাল ইংরেজী ১ম পত্রে ৩শ' ৬২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এছাড়া ৩ জন শিক্ষককে পরিদর্শক থেকে অব্যাহতি দেয়া হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে কুমিল্লা জেলার ১শ' ৪ জন, চট্টগ্রামে ১শ' ১৩ জন, কক্সবাজারে ২৪ জন, রাঙ্গামাটিতে ৫ জন, খাগড়াছড়িতে ৩, চাঁদপুরে ৩০, ব্রাহ্মণবাড়িয়ায় ২৫, সিলেটে ১৭, মৌলভীবাজারে ২৭ ও হবিগঞ্জে ৮ জন। এছাড়া সীতাকুণ্ড কেন্দ্র থেকে ৩ জন শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহত দেয়া হয়েছে। এরা হলেন সমিরণ কান্তি বিশ্বাস, সাইফুদ্দিন খালেদ ও প্রদীপ নাথ।

যশোর থেকে কামরুল ইসলাম কামরুল জানান ঃ যশোর শিক্ষা বোর্ডের অধীনে গতকাল বৃহস্পতিবার ইংরেজী প্রথমপত্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১শ' ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার ও ১ জন শিক্ষককে পরিদর্শক থেকে অব্যাহতি দেয়া হয়েছে। বরিশালের আগৈলঝড়া কেন্দ্র থেকে ঐ শিক্ষককে অব্যাহতি দেয়া হয়। যে সমস্ত জেলা থেকে পরীক্ষার্থীদের বহিষ্কার করা হয় জেলাসমূহ হচ্ছে বরিশালে ১৫, ভোলা ৪, পিরোজপুরে ১, ঝালকাঠিতে ২, পটুয়াখালীতে ২, বরগুনায় ২, খুলনায় ১১, সাতক্ষীরায় ১, বাগেরহাটে ১, যশোরে ২৪, নড়াইলে ৬, মাগুরায় ৬, ঝিনাইদহে ৪, কুষ্টিয়ায় ১৫, চুয়াডাঙ্গায় ৬ ও মেহেরপুরে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

নওগাঁ থেকে বিশ্বজিৎ সরকার জানিয়েছেন ঃ গতকাল বৃহস্পতিবার চলতি এসএসসি'র ইংরেজী ১ম পত্রের পরীক্ষায় নওগাঁ জেলায় নকলের দায়ে ১৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে দু'জন ছাত্রী। নওগাঁ সদরে একজন, আত্রাই কেন্দ্রে একজন, মহাদেবপুর কেন্দ্রে দুই জন, বদলগাছি কেন্দ্রে ২ জন, ধামইর হাট কেন্দ্রে ৩ জন, মান্দা কেন্দ্রে ১ জন ছাত্রীসহ ৪ জন এবং পত্নীতলী কেন্দ্রে ১ জন ছাত্রীসহ ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া জেলার নেয়ামতপুর কেন্দ্রে ২ জন, পত্নীতলা কেন্দ্রে ৩ জন ও মহাদেবপুর কেন্দ্রে ১ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

মুন্সীগঞ্জ থেকে শহীদুল্লাহ শহীদ জানান ঃ এসএসসি পরীক্ষার ইংরেজী ১ম পত্রে জেলায় একজন ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার ও ৯ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করার দায়ে বহিষ্কৃত হয়েছে। ভুয়া পরীক্ষার্থীর নাম শামিম আহমেদ, রোল পি ২০৪৪৭৬। সে পিটিআই কেন্দ্র থেকে ধরা পড়ে। মুন্সীগঞ্জ সদরে ৩, শ্রীনগরে ৫, টঙ্গীবাড়ীতে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।